

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৬৬

১. পবিত্ৰতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৭, হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মেলামেশা করা

بَابِ مُبَاشَرَةِ الْحَائِض

আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ قَالَ سَأَلَ رَجُلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ مَا يَحِلُّ لِي مِنْ امْرَأَتِي وَهِيَ حَائِضٌ قَالَ لِتَشُدَّ عَلَيْهَا إِزَارَهَا ثُمَّ شَأْنَكَ بِأَعْلَاهَا

বাংলা

১০৬৬. মালিক ইবনু আনাস সূত্রে যাইদ ইবনু আসলাম হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলেন, হায়িযগ্রস্ত অবস্থায় আমার স্ত্রীর (সাথে কোন কোন আচরণ) আমার জন্য হালাল? তিনি বললেন: "স্ত্রীলোক তার পাজামা শক্তভাবে বেঁধে নেবে, তারপর তার উর্ধ্বাংশে তোমার কাজ (তথা তার উর্ধ্বাংশ দ্বারা তুমি উপকৃত হতে পারো)।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ মু'দ্বাল (একাধিক রাবীর নাম বাদ পড়েছে)।

তাখরীজ: মালিক, তাহারাত ৯৫; বাইহাকী ৭/১৯১; তাবারাণী, আল কাবীর ১০/৩৮২ নং ১০৭৬৫; ইবনু আব্বাস হতে... যয়ীফ সনদে। আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ নং ১৫৭৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন